২৮/৭/২০০৮

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭-৮ কলাম ... ৪ ...

# পটুয়াখালী সরকারী কলেজে শিক্ষক সঙ্কট

নিজস্ব সংবাদদাতা, পটুয়াখালী থেকে ॥ পটুয়াখালী সরকারী কলেজে শিক্ষক সঙ্কটের কারণে শিক্ষা ব্যবস্থা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। অধিকাংশ পরিত্যক্ত ভবনে ক্লাস চলছে। ফলে লাখ লাখ টাকার রাসায়নিক দ্রব্য এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি নষ্ট ও ছাত্রছাত্রীদেরও পড়াশোনায় মারাত্মক ক্ষতি হচ্ছে। জানা গেছে, পটুয়াখালী সরকারী কলেজের ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ৮ হাজার। এ কলেজে একাদশ শ্রেণী থেকে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত ১৬টি বিষয়ে অর্নাস কোর্স রয়েছে। মোট ৮০ শিক্ষকের মধ্যে কর্মরত রয়েছেন ৫৪ শিক্ষক। এর মধ্যে অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ মোট ২৬টি পদ শূন্য রয়েছে। কিছুদিন আগে বাংলা বিভাগের ছাত্রছাত্রীরা শিক্ষকের দাবিতে শহরে বিক্ষোভ মিছিল বের করে এবং জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করে। বাংলা বিভাগের ৭ শিক্ষকের মধ্যে মাত্র ১ জন, রাষ্ট্রবিজ্ঞানে ৭ জনের মধ্যে ৩ জন, অর্থনীতির ৭ জনের মধ্যে ৫ জন, রসায়নে ৭ জনের মধ্যে ৫ জন এবং উদ্ভিদবিদ্যা বিভাগে ৭ শিক্ষকের মধ্যে ৫ শিক্ষক কর্মরত রয়েছেন।

কলেজের সব ভবন জরাজীর্ণ ও পরিত্যক্ত ঘোষিত। নবনির্মিত একটি ভবনেই নিয়মিত পরীক্ষা ও ক্লাস চলে। পরিত্যক্ত ভবনেই বিজ্ঞানাগার। সেখানেই লাখ লাখ টাকার রাসায়নিক দ্রব্যাদি এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি নষ্ট হবার উপক্রম হয়েছে।